হলিউডের বাংলা পত্রিকা

একুশ

Ekush.info

21 Ekush Bangla Newspaper from Hollywood

Volume 02, Issue 19, January 4, 2007 ■ Hollywood, California, USA ■ www.ekush.info ■ Bengali Community Newspaper ■ শুক্রবার: জানুয়ারি ০৪, ২০০৭, ■ পৌষ ২১, ১৪১৩

একুশ-এর শুভেচ্ছা

২৫ ডিসেম্বর শুভ বড়দিনে খ্রিস্টান সম্প্রদায়ের বৃহত্তর ধর্মীয় উৎসবে বাংলাদেশী খ্রিস্টান সম্প্রদায়ের প্রতি ও বিশ্বের সকল খ্রিস্টভক্তদের একুশ-এর পক্ষ থেকে জানাই বড়দিনের শুভেচ্ছা। মেরী ক্রিসমাস।

৩১ ডিসেম্বর হজ্ব উপলক্ষে কোরবানীর ঈদে মুসলিম সম্প্রদায়ের সকল বাংলাদেশী প্রবাসী কমিউনিটির প্রতি রইলো একুশ-এর ঈদ-উল আজহার শুভেচ্ছা। ঈদ মোবারক।

১লা জানুয়ারি। হ্যাপি নিউ ইয়ার্সে বিশ্বের সকলের প্রতি শান্তি কামনা করছে একুশ। হ্যাপী নিউ ইয়ার্স।

নোবেল শান্তি পুরস্কার বাংলাদেশের জন্য একটি অবিস্মরণীয় অধ্যায়। একুশ নববর্ষে নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনূসকে জানাচ্ছে শুভেচ্ছা ও একরাশ ভালোবাসা।

আরো কঠিন হলো মার্কিন নাগরিকত্ব পাওয়া

একুশ ডেস্ক : বদলে যাচ্ছে পরীক্ষার প্রশ্নের ধরন। সর্বোচ্চ মার্কিন পর্বতের নাম বা মার্কিন সংবিধানের প্রথম ১০টি সংশোধনী কিংবা বিখ্যাত বেঞ্জামিন ফ্র্যাংকলিনের কাহিনী সম্পর্কিত গৎবাধা কিছু প্রশ্ন দিয়ে এতোদিন পরীক্ষা নেওয়া হতো মার্কিন নাগরিক হতে আগ্রহীদের। সমালোচকরা বলতেন, বই মুখস্ত করলেই পারা যায় এসব প্রশ্নের উত্তর। আর এতে করেই নাকি পরীক্ষায় পাস করে মার্কিন নাগরিক হওয়ার প্রক্রিয়ায় এক ধাপ এগিয়ে যান পরীক্ষার্থীরা। নাগরিক হওয়ার পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছেন এমন ব্যক্তিরা যদি ভবিষ্যতে এ ধরনের গৎবাধা প্রশ্নের প্রত্যাশা করেন তাহলে হয়তো হতাশাই হতে হবে তাদের। পৃ..৭

প্রথম কলাম

ইমিগ্রেশন ডে উপলক্ষে বিজয়ের পথযাত্রায় বাংলাদেশের ব্যানার

বাংলাদেশী কমিউনিটিকে পরিচিত করার জন্য লিটল বাংলাদেশ নামে সুপরিচিত থার্ড স্ট্রীটের উপর পথযাত্রা

নিজস্ব প্রতিনিধি : গত ১৭ ডিসেম্বর (রোববার), ২০০৬ শ্যাটো রিক্রিয়েশন সেন্টারে উদযাপিত হয় ইমিগ্রেশন ডে। এ উপলক্ষে বিজয় দিবসকে সামনে রেখে বাংলাদেশী কমিউনিটির ব্যানার সহকারে লিটল বাংলাদেশ নামে সুপরিচিত থার্ড স্ট্রীটের উপর বিশাল পথযাত্রা শ্যাটো রিক্রিয়েশন সেন্টার থেকে দেশী রেস্টুরেন্টের সামনে এসে থামে এবং সংক্ষিপ্ত বক্তব্যের মধ্য দিয়ে বাংলাদেশী কমিউনিটিকে পরিচিত করার জন্য লাইটপোস্টের ব্যানারের প্রজেক্ট সম্পর্কে আলোকপাত করে। পথযাত্রায় ইমিগ্রেশন ডে উপলক্ষে আগত বিভিন্ন দেশের মানুষ বাংলাদেশ কমিউনিটির ব্যানার প্রদর্শনীতে অংশগ্রহণ করে। রাস্তায় প্যারেড চলাকালীন রাস্তাসমূহ বন্ধ থাকে। বক্তৃতাপর্ব শেষে প্যারেড আবার ফিরে যায় শ্যাটো রিক্রিয়েশন সেন্টারে। সেখানে খাওয়া-দাওয়াসহ বিভিন্ন দেশের মানুষের আমেরিকান ড্রীম নিয়ে স্মৃতিচারণ পর্ব চলে ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। বাংলাদেশী ড্রীম ফেস্টিভালে বাংলাদেশী ব্যানারসমূহ থার্ড স্ট্রীটের উপর (৩০টি) ঝুলানোর কথা থাকলেও অনুমোদন প্রক্রিয়া সমাপ্ত না হওয়ার জন্য উক্ত সময়ে ঝোলানো



সম্ভবপর হয়নি। তবে কর্তৃপক্ষ জানিয়েছেন আগামী সপ্তাহের মধ্যেই অনুমোদন হয়ে যাবে এবং ব্যানারসমূহ লাইটপোস্টে ঝোলানো হবে। লস এঞ্জেলেসে এ ধরনের উদ্যোগ এই প্রথম। এ উপলক্ষে র‍্যালির মাঝপথে মিনি ট্রাকের উপর দাঁড়িয়ে বাংলা এবং ইংরেজি (উভয় ভাষায়) বক্তব্য রাখেন সাউথ এশিয়া নেটওয়ার্কের পক্ষ থেকে নিনা শারমিন, বাংলা ইউথ গ্রুপের পক্ষে অতিথি মাহমুদ। সমগ্র অনুষ্ঠান চলে দুপুর ১টা থেকে বিকাল ৫টা পর্যন্ত। সাংস্কৃতিক অনুষ্ঠানে পারফরমেন্স করে মেক্সিকো, বাংলাদেশ, ফিলিপাইনসহ বিভিন্ন দেশের প্রবাসী সংগঠন।

একুশ এর প্রকাশিত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে সাউথ এশিয়ান নেটওয়ার্কের নিজস্ব প্রতিবেদন ..পৃ ১০

ছবি-একুশ

নিউইয়ার্স উপলক্ষে লস এঞ্জেলেসে ১১৮তম রোজ প্যারেড

প্রতি বছরের মতো এবারো প্যাসেডিনায় ব্যাপক উদ্দীপনায় অনুষ্ঠিত হয়েছে ১১৮তম রোজ প্যারেড। গত ১ জানুয়ারি (সোমবার) ২০০৭ সকাল ৮টায় শুরু হয় রোড প্যারেড। সাড়ে ৫ মাইল লম্বা কলারাডো বুলেবার্ডের উপর অত্যন্ত জাকজমক ও জৌলুসতা নিয়ে ফুলের সমারোহে নির্মিত ৪৫টি ফ্লোট, ২২টি ম্যাচিংব্যাকড, ২৩টি ইকুয়েস্টিয়ান ইউনিট, একটি স্টার ওয়ারস স্পেকটাকুলার ও ৩টি অফিসিয়াল যানবাহন সহকারে এই প্যারেড পরিচালিত হয়। উক্ত প্যারেডের গ্র্যান্ড মার্শাল ছিলেন জর্জ লুকাস। এবারের প্যারেডের থিম ছিল 'আওয়ার গুড নেচার'। সারা অঙ্গরাজ্য ও আন্তর্জাতিক দেশসমূহের মধ্যে মেক্সিকোসহ অস্ট্রেলিয়া অংশগ্রহণ করে এই প্যারেডে। সর্বমোট ১ মিলিয়ন মানুষ রাস্তার দুধারে জমা হয়ে এই প্যারেড উপভোগ করে। শীতের ঠাণ্ডা আমেজে গত রাত থেকে মানুষ গরম কাপড়চোপর পরে জায়গা দখলের মতো সারা রাত বসে থাকেন। প্যারেডের পর প্যাসেডিনার রোজ বলে শুরু হয় কলেজ চ্যাম্পিয়ন ফুটবলের (আমেরিকান) ফাইনাল চ্যাম্পিয়ন। ফাইনাল খেলা ছিল ইউএসসি এবং মিসিগানের সঙ্গে। এ উপলক্ষে মিশিগান থেকে হাজার হাজার মানুষের সমাগম হয়েছিল বলে প্রকাশ। খেলায় ইউএসসি চ্যাম্পিয়নশীপ অর্জন করে।

দ্বিধাবিভক্ত লস এঞ্জেলেসে কোরবানীর ঈদ

নিজস্ব প্রতিনিধি : গত ৩০ ডিসেম্বর লস এঞ্জেলেস কনভেনশন সেন্টারে উদযাপিত হয় ঈদ-উল আজহা। গত ঈদ-উল ফিতর হয়েছিল একই দিনে সর্বত্র। কিন্তু কোরবানীর ঈদ দ্বিধাবিভক্ত হয়ে উদযাপিত হয়েছে লস এঞ্জেলেস এলাকায়। ইসলামিক সেন্টার অব সাউদার্ন ক্যালিফোর্নিয়া কর্তৃক আয়োজিত ..পৃ ২

একুশ এর চোখে: ২০০৬ সালের আলোচিত ১০ ব্যক্তি

ড. মুহম্মদ ইউনূস — শান্তির বার্তা

ইয়াজউদ্দিন আহমেদ — জোর যার মুল্লুক তার

আব্দুল মান্নান ভুঁইয়া — শান্তি নয়, সংবিধানই আসল

আব্দুল জলিল — প্রস্তুতি, আন্দোলন সব চলবে

হুসেইন মুহম্মদ এরশাদ — শেষ যার ভালো তার

ড. আকবর আলী খান — রক্তচক্ষুকে ভয় পাই না

শেখ হাসিনা — শেষ কি খেলাফত আন্দোলন

বেগম খালেদা জিয়া — উন্নয়নের জোয়ার চলছেই

এম এ আজিজ — বিশ্ব বেহায়ার খেতাব

তারেক রহমান — নীলমনি

নির্বাচন বর্জন ও প্রতিহত করার ঘোষণা

আগামী ২২ জানুয়ারির নির্বাচন বর্জন ও প্রতিহত করার ঘোষণা দিয়েছে মহাঐক্যজোট

পরাজয় নিশ্চিত জেনেই ওদের বর্জন ৪ দল অংশ নেবেই : মান্নান ভুঁইয়া

২২ জানুয়ারি নির্বাচন হবে ইনশাল্লাহ: ভারপ্রাপ্ত সিইসি

মহাঐক্যজোটের নির্বাচন বর্জন তত্ত্বাবধায়ক সরকারে অস্থিরতা

বিশেষজ্ঞরা মনে করেন, সাংবিধানিক সংকট বলতে কিছু নেই। এটা বায়বীয় পদার্থের মতো। সংবিধানে ৯০ দিনের মধ্যে সংসদ নির্বাচন অনুষ্ঠানের যে বিধান রয়েছে তা নির্দেশনামূলক, বাধ্যতামূলক নয়। রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের পরামর্শ নিয়ে এই মেয়াদ আরো ৯০ দিন বাড়াতে পারেন।

ইখতিয়ার উদ্দিন : ২২ জানুয়ারির নির্বাচন বর্জনের ঘোষণা দিয়েছে আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাঐক্যজোট। একতরফা নির্বাচন হতেও দেবে না তারা। ঐক্যবদ্ধভাবে প্রতিহত করবে। পৃ ..৬



বিদায় ২০০৬

কালের গর্বে হারিয়ে গেলো ঘটনাবহুল আরো একটি বছর। এখন ২০০৭। নববর্ষকে বরণ করেছে সমগ্র জাতি। কুয়াশাচ্ছন্ন দিনের মতো গোটা বছরটাই ছিল অনিশ্চয়তার চাদরে ঢাকা। কখনো এতোটুকু রোদ্দুর উঁকি দিলেও পরক্ষণেই তাকে গ্রাস করে নিয়েছে হতাশার অন্ধকার। এভাবেই কেটে গেছে ২০০৬ সালের গোটা বছরটি। এভাবেই দিন যাবে- দিন আসবে, এটাই প্রকৃতির নিয়ম। এই নিয়মের ব্যত্যয় হয়নি কখনো, হবেও না। কিন্তু দিনযাপনের এই ধরাবাঁধা নিয়মের মধ্যেও একেকটি ঘটনা আঁচড় কেটে যায় মানুষের হৃদয়ে। হোক না সে হাসি-আনন্দের অথবা দুঃখ-বেদনার। জীবন তো থেমে থাকে না। এইসব আনন্দ-বেদনা, হাসি-কান্না নিয়েই তো জীবন হয়ে ওঠে মহিমান্বিত। কিন্তু তবুও পেছনে ফেলে আসা দিনের হালখাতার হিসাব মেলাতে থাকে সবাই।

নববর্ষ উপলক্ষে প্রধান উপদেষ্টা ও প্রেসিডেন্ট অধ্যাপক ড. ইয়াজউদ্দিন আহম্মেদ, বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা পৃথক পৃথক বাণীতে দেশবাসীকে নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন।

লস এঞ্জেলেসে সম্মিলিত একুশ ২০০৭-এর কর্মসূচি ঘোষণা

নিজস্ব প্রতিনিধি : প্রতি বছর লস এঞ্জেলেসে থার্ড স্ট্রীটের উপর হারভার্ড প্লাজায় (৪১৫১, থার্ড স্ট্রীট) অনুষ্ঠিত রাত ১২.০১ মিনিটে অস্থায়ী শহীদ মিনারে সম্মিলিত প্রবাসীর পুষ্প অর্পণের কর্মসূচি হয়ে আসছে। তা সম্মিলিত একুশ ২০০৭ এ গিয়ে পরিবর্তিত হচ্ছে বলে সম্মিলিত একুশের মূল উদ্যোক্তা কাজী মশহুরুল হুদা ও মোঃ আলম এক বিবৃতিতে ঘোষণা দিয়েছেন।

হারভার্ড প্লাজার স্বত্ত্বাধিকারীদের লিখিত নিষেধাজ্ঞা পাওয়ার পর এই সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে বলে জানায়। সম্মিলিত একুশ, ২০০৭ অনুষ্ঠিত হবে শ্যাটো রিক্রিয়েশন সেন্টারের বহিঃচত্বরে (অনুমোদন নেওয়া হয়েছে বলে আয়োজককারী জানান)।

বাকি অংশ **একুশ** / ১১ পাতায়

New Year Resolution

লক্ষ্য অর্জন আর নিজেকে বদলানোর নতুন বছর

একুশ ডেস্ক : ডিসেম্বর মাস বা জানুয়ারির প্রথম দিকে নতুন বছরের পরিকল্পনা ঠিক করি আমরা প্রায় সবাই। ছুটির দিনগুলোতে কোথায় কোথায় যাওয়া যায় বা নতুন বছরে কী কী অর্জন করা যায় এসব সহ অনেক কিছুই থাকে আমাদের পরিকল্পনায়। আবার এ সময় নতুন অনেক সিদ্ধান্তও নেই আমরা। নতুন নতুন সিদ্ধান্ত গ্রহণ আর ধারাবাহিকতা বদলে নতুন কিছু করার জন্য নতুন বছর অনেক গুরুত্বপূর্ণ একটি উপলক্ষ। সিদ্ধান্তগুলো যদি আমরা বাস্তবায়ন করতে পারি তবে তা যেমন আমাদের অনেক বদঅভ্যাস ত্যাগ করতে সাহায্য করতে পারে, তেমনি উন্নয়ন ঘটাতে পারে আমাদের জীবনমানের।

তবে এক্ষেত্রে দুর্ভাগ্যজনক বাস্তবতা হলো নতুন বছরে নতুন সিদ্ধান্ত, পরিকল্পনা প্রায় সবাই নেন, কিন্তু বাস্তবায়ন করতে পারেন না বেশির ভাগই। আমরা আমাদের দৈনন্দিন কাজকর্ম, জীবিকা নির্বাহ সবই করি- কিন্তু আমাদের স্বপ্ন সবসময় অধরাই থেকে যায়। হয়তো কিছু বদলায় কিন্তু জীবনের স্বাদ মনে হয় আগের মতোই। পৃ..২

ক্লোজআপ ওয়ান সালমা

একুশ বিনোদন ॥ বাংলাদেশ-চীনমৈত্রী সম্মেলন কেন্দ্রের সমস্ত জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে এবারের ক্লোজআপ ওয়ান প্রতিযোগিতায় বিজয়ীর মুকুট ছিনিয়ে নিলেন কুষ্টিয়ার মেয়ে সালমা আক্তার। বিচারকদের দেওয়া নম্বর এবং দর্শকদের দেওয়া এসএমএসের ভিত্তিতে মোট ৮৬ নম্বর পেয়ে ক্লোজআপ ওয়ান নির্বাচিত হল সালমা। বিচারকদের কাছ থেকে সালমা পেয়েছেন ৪০ নম্বর এবং এসএমএস পেয়েছেন ১৭ লাখ ৯৬ হাজার ৯০৮টি। প্রথম রানারআপ নির্বাচিত হন মুহিন এবং দ্বিতীয় রানারআপ নির্বাচিত হন নিশীতা বড়ুয়া।

মুহিন বিচারকদের কাছ থেকে নম্বর পেয়েছেন ৪৬ এবং এসএমএস পেয়েছেন ৮ লাখ ৫১ হাজার ৪১৩টি। তার মোট নম্বর দাঁড়ায় ৬৭। অন্যদিকে নিশীতা বিচারকদের কাছ থেকে পেয়েছেন ৪১ নম্বর এবং এসএমএস পেয়েছেন ৪ লাখ ২০ হাজার ৪৭৭টি। নিশীতার মোট নম্বর দাঁড়ায় ৫১। গত শুক্রবার রাত ৮টা ২০ মিনিটে রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রের প্লেনারি হলে শুরু হয় ক্লোজআপ ওয়ান-২০০৬ প্রতিযোগিতার ফলাফল ঘোষণার অনুষ্ঠান। পৃ..৭

ক্লোজআপ ওয়ান সালমার হাতে ট্রফি তুলে দেন ইউনিলিভার বাংলাদেশের বিদায়ী চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক সঞ্জীব মেহতা

ভিতরের পাতায়

গত এক বছরে (২০০৬) লস এঞ্জেলেসে প্রবাসী কমিউনিটির মধ্যে যারা সক্রিয় ভূমিকা রেখেছেন তাদের প্রথম ১০ জনের নাম ....পৃষ্ঠা ২

বুলডজারের নির্বাচনে অনেকেই বাধ্য হয়ে কাগজপত্র ফাইল করবেন? ড. কামাল হোসেনের সঙ্গে একুশ-এর আলাপ ....পৃষ্ঠা ৩

কতদিন কথা হয়না বাংলাদেশের দুই নেত্রীর? পৃষ্ঠা ৪

লস এঞ্জেলেসের কোথায় কি হচ্ছে ....পৃষ্ঠা ২

একটি নতুন সূর্যের প্রত্যাশায় ....পৃষ্ঠা ৫

বালার আপডেট ...পৃষ্ঠা ১৪

২০০৬ সালের আন্তর্জাতিক কয়েকটি ঘটনা

২০০৬ সালের বাংলাদেশের আলোচিত ঘটনা ..পৃ ৬

বাংলাদেশী ড্রীম ফেস্টিভ্যাল কিভাবে হলো? .....পৃ ৭

স্বদেশের শিল্পীদের প্রতি কড়াকড়ির ফলে প্রবাসী শিল্পীদের কদর বাড়ছে!...পৃ ৭

৭ জানুয়ারি বিজয় মেলা ...পৃ ৭

বি নো দ ন ..পৃ ৮

কনজিউমার্স রিপোর্ট...পৃষ্ঠা ৯

মুসলিম পাবলিক এফেয়ার্স কাউন্সিল কনভেনশনে ইসলামিক রিফর্ম, রিনিউওয়াল এবং রেলেভেন্স নিয়ে আলোকপাত ....পৃ ১১



একুশ-এর পাবলিশার্স / এডিটর-ইন-চীফ জাহান হাসান এল এ প্রেসক্লাবের বোর্ড মেম্বার নির্বাচিত ..পৃ ৫